

আমার কৈফিয়ৎ

(সূত্র :- বাংলার বাউল-লেখক)

দু'বছর আগে আজি শুভদিনে ইন্টারনেটের অমৃত-সদনে JamatePislami.com ওয়েবসাইট দেবার পর থেকেই একটা ফাঁক নিয়ে আমি বন্ধুদের সাথে আলোচনা করেছি। কোনো অপদর্শনের বিরুদ্ধে কোনো আন্দোলনই দাঁড়াতে পারে না যদি তার নিজস্ব দর্শন না দেয়া যায়, বাস্তব কর্মপন্থা না দেয়া যায়। জামাতের মত সুবৃহৎ রাঘব-বোয়ালের বিরুদ্ধে দাঁড়াতে গেলে ওদের সিরাতুল জিলাপিটা খারাপ একথা প্রমাণ করাই যথেষ্ট নয়, সিরাতুল মুস্তাকিমের স্নিগ্ধতাও তুলে ধরা জরুরী। ধুতরো ফুল বিষাক্ত বলাই যথেষ্ট নয়, গোলাপ-গন্ধরাজের বাস্তব অভিজ্ঞতাও জরুরী। গোলাপ-গন্ধরাজের যে চিত্র আমার ওয়েবসাইটে ধরা আছে সেটা এখনো বড়ই আবছা। JamatePislami.com সম্পর্কে বাংলার বাউল সে কথা-ই বলেছেন তাঁর নিবন্ধে (নীচে দেয়া হল)।

নিবন্ধটার মধ্যে এমন কিছু দিক্‌দর্শন আছে যা বাঙ্গালী হিসেবে আমাদের এড়িয়ে যাবার উপায় নেই। তিনি যেটা চান তার গুরুত্ব অসীম। কিন্তু তার পরেও সেটা আমি ওয়েবসাইটে দিতে পারিনি। কারণ ইসলামের অরাজনৈতিক মর্মবাণী আমার কাছে স্পষ্ট হলেও ঠিক কিভাবে তা পাঠকের কাছে পরিবেশন করতে হবে তার সুস্পষ্ট রূপরেখা আমার মানসে এখনো স্পষ্ট নয়। তাছাড়া, জামাতের অপদর্শনের বিরুদ্ধে সুদর্শন ইসলামী দর্শন দেখাবেন অরাজনৈতিক নেতা-মওলানারা-ই, আমার মত সাধারণ মানুষ নয়।

দেশে জামাত এমন একটা অবস্থার সৃষ্টি করে রেখেছে যে মানুষের সামনে ইসলামের নামে ওদের পিছলামিটাই সব সময় ধরে রাখা আছে। ভাবখানা যেন ওটা জিজ্জিরা-মেড ভেজাল ইসলাম নয়, যেন ওটাই আসল ইসলাম। অথচ আমাদের পূর্বপুরুষেরা যে ইসলাম পালন করে মুসলিম-অমুসলিম সবার সাথে শান্তি ও সাম্যের জীবন কাটিয়েছেন হাজার বছর, জামাতের “লং টার্ম গোল”-এর ষড়যন্ত্রে পড়ে তার দার্শনিক ছবিটা আজ ধোঁয়াটে হয়ে হারিয়ে যাচ্ছে। দেশে সরকারি বা তেমন কোন শক্তিশালী নেতৃত্বও নেই যে ওই ছবি জনতার সামনে ধরে রাখে। তা ছাড়া জামাতের বিরুদ্ধে অরাজনৈতিক শক্তির ইসলামের কথা বলতে মানুষ এখন মোটামুটি ভয়ও পায়, এটা দিনে দিনে বাড়ছে এবং আরও বাড়বে। এই এক ইসলাম যাকে সংগত কারণে কোটি কোটি মুসলমানরাই ভয় পায়।

যে ইসলামকে মানুষ ভয় পায় তার পতন অনিবার্য। মুখে শেখ ফরিদ আর বগলে হুঁট, মুখমিষ্টি বুলির সাথে কাজে হিংস্রতার ঠকবাজী মানুষ একদিন তার নিজেদের অস্তিত্বের জন্যই বুঝবে। বুঝতে হবে। আমাদের প্রচেষ্টা শুধু সেই শুভদিনকে এগিয়ে আনার। সামাজিক এ বিবর্তনটা দ্রুত আর মসৃণ হবে যে পদ্ধতিতে, তার কথাই ঠিক ঠিক বলেছেন বাউল। কিন্তু তাঁর দাবী বিশাল - অত্যন্ত বিশাল ও গভীর - **“formulating an Islamic political syllabus in accordance with the social, economic and political lifestyle of the indicated personages”**.

তাঁকে জানাচ্ছি, - ইসলামের ব্যাপারে ত্রিশ দশকে কাজী ওদুদ-আবুল হুসেনের দল বাংলায় যে গুরুটা করে গেছেন তা আমাদের অনুপ্রাণিত করছে। আজ আমি, সাদউল্লাহ, জামিলুল বাশারের দল যা করে যাব তা ভবিষ্যতের অনুপ্রেরণা হবে। আমাদের কাজ আংশিক মাত্র, তাকে পূর্ণ করে বাস্তবে রূপ দেবেন ভবিষ্যতের কোন মহামানব। সেটা কোন রাজনৈতিক ইসলামের অশ্বভিষ হবে না, হবে মানবাধিকারের বিজয়কেতন।

‘সে কবির লাগি কান পেতে আছি’।

অংশবিশেষ:- News From Bangladesh -Thursday April 14 2005 11:04:52 AM BDT --

I'm Harun Baul Speaking (part 14) By Md. Amzad Hossain.

.....Baul songs are esoteric in nature. Baul gurus reveal the inner meaning of the songs to their respective initiates.....Hearing this from the guru, I often think whether Fatemolla's pen-shell on politico-religious corruptions is 'natural' (like Sain's play) in its own right. **I believe that the Molla will be in a stronger position provided he can come forward with an Islamic political syllabus formulating the politics of the 'Straight Path', instead of striving to defame the (wrong) politics of Islam.....**

However, the major Islamic party....talks about the Divine laws, Islamic living systems and the Quranic religiosity (including political aspect of it) without grasping the essence and practical implications of the relevant Quranic verses.....The members of the party do not try to learn from the Personages who had/have Islamic wisdom relating to religio-cultural unity in diversity...Resultantly, top members of the party remain ever ignorant of the Quranic concept of 'Show us the Straight Path - the Path of those on whom Thy have bestowed Thy grace'.

The Molla can start from this point in order to construct a healthy political road for (Islamic) world..... That is why my guru would suggest for the Molla to focus on the popular (Islamic) culture of our subcontinent concurrently with his Jihad against the neo-Islamic politics. This role would beget the masses believing in popular Islam on his side.

....people of Bangladeshwant to rectify this situation by electing a corruption adverse religio-political party. **The Molla can contribute to fulfill this political longing of our voters by formulating an Islamic political syllabus in accordance with the social, economic and political lifestyle of the indicated personages....**Otherwise, his present endeavour to stop a barking dog without a piece of meat in hand may not achieve a positive result. **Yet, my guru is pleased with the Molla for his politico-Jihadi initiative, that can be easily (re) directed to benefit Islam....**

৯ই মে, ৩৫ মুক্তিসন ২০০৫